## ছাত্রদিগের জন্য বৃত্তি।

৫০৲ ও ৪০৲ টাকা ( ম্যাট্রিক। )
৩০৲ ও ২৫৲ টাকা ( নন-ম্যাট্রিক। )

দি ন্যাসানেল মেডিকেল কলেজ,
৩০১।৩ অপার সারকিউলার রোড
নিয়মাদির জন্য আবেদন করুন।

এই কলেজে শব-ব্যবচ্ছেদ ও সার্জ্জারী আধুনিক প্রথায় শিক্ষা হয়। বেতন ৩৲ তিন টাকা মাত্র।

কলেজ কাউন্সিল— মহারাজা বাহাদুর কাশিম বাজার, মাননীয় বিস্লরক এ, চৌধুরী ও রাজা প্যারিমোহন মুখোপাধ্যায় সি, এস্, আই।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

১৯শে শ্রাবণ বুধবার, ১৩২৭ সাল।


## লোকমান্য তিলকের পরলোক।

ভারতমাতার কপালের উজ্জ্বল তিলক মহারাষ্ট্রীয় ব্রাহ্মণকুলতিলক লোকমান্য বালগঙ্গাধর তিলক গত ৩১শে জুলাই রাত্রি তৃতীয় প্রহরের সময় কাল নিউমোনিয়া রোগে ইহলোক পরিত্যাগ করিয়া দেবলোকে গমন করিয়াছেন। আসমুদ্র হিমাচল সমগ্র ভারত এই মহাপুরুষের শোকে মুহ্যমান। তিলক মহারাজের তিরোভাব জন্য ভারতমাতার যে অভাব হইল তাহা বোধ হয় আর কখনও পূরণ হইবে না। যীশুখ্রীষ্ট যেমন পাপীর মঙ্গলার্থ ক্রুশে আবদ্ধ হইতে কষ্টবোধ করেন নাই, মহম্মদ ও শ্রীচৈতন্য দেব যেমন মানবের মঙ্গলার্থ কত নির্য্যাতন সহ্য করিয়াছিলেন তেমনি এই মহাপুরুষ স্বদেশ ও স্বদেশীর মঙ্গল জন্য অশেষ যন্ত্রনা অম্লান বদনে সহ্য করিয়াছেন। আজকালকার দিনে, এই স্বার্থপরতার যুগে এমন নিঃস্বার্থ জন-নায়ক ভারতে আর নাই। ভারতের নগরে নগরে পল্লীতে পল্লীতে এই পরলোকগত মহাত্মার জন্য হাহাকার উঠিয়াছে। দেবোপম ব্রাহ্মণ! এই পাপপূর্ণ মর্ত্ত্য তোমার যোগ্য আবাস স্থান নহে, তুমি দেবতা, দেবলোকই তোমার আবাস যোগ্য স্থান। ভারতের তিলক মুছিল বটে কিন্তু এ তিলকের চিহ্ন মুছিবার নহে, এ তিলকের দাগ চিরস্থায়ী।

## ষ্টেটস্‌ম্যানের ক্ষতি।

কলিকাতার চৌরঙ্গী হইতে প্রকাশিত ইংরাজী দৈনিক সংবাদ পত্র ষ্টেটস্‌ম্যানের একটী নাম Friend of India অর্থাৎ 'ভারতবন্ধু' এই 'ভারতবন্ধু' ভারতবাসীর প্রকৃত নিস্কপট বন্ধু পরলোকগত লোকমান্য বালগঙ্গাধর তিলকের মৃত্যুতে দুঃখ প্রকাশ করা দূরে থাক্‌ এই স্বর্গীয় মহাত্মার নিন্দাবাদ করিয়াছেন বলিয়া ভারতবাসী মাত্রেই অত্যন্ত মর্ম্মাহত হইয়াছেন। ভারতীয় নেতৃবৃন্দ স্থানে স্থানে সভা করিয়া সকলে দৃঢ় সংকল্প করিয়াছেন যে তাঁহারা কেহ উক্ত সংবাদ পত্রের গ্রাহক ও পাঠক হইবেন না। আমাদের মুর্শিদাবাদ জেলাতেও এইরূপ প্রতিজ্ঞা হইয়াছে। যাঁহাকে সকলে ভক্তি করে সে ভক্তি নষ্ট করা গলাবাজি বা কলমবাজির কর্ম্ম নয়।

## জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর সভ্য নির্ব্বাচন।

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ৫নং ওয়ার্ডের অন্যতম কমিশনার বাবু ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের মৃত্যু হওয়ায় তাঁহার স্থানে জনৈক কমিশনার নির্ব্বাচনের দিন ছিল গত ২৮শে জুলাই। প্রার্থী ছিলেন দুইজন শ্রীযুত পার্ব্বতীচরণ সেন ও শ্রীযুত কার্ত্তিকচন্দ্র সাহা। শ্রীযুত কার্ত্তিকচন্দ্র সাহা অধিক সংখ্যক ভোট প্রাপ্ত হইয়া কমিশনার নির্ব্বাচিত হইয়াছেন। এই নির্ব্বাচনে একটু আন্দোলন উত্থিত হইয়াছে। যেহেতু নির্ব্বাচিত ব্যক্তি শিক্ষিত বা ধনাঢ্য নহে। তবে সাধারণের ভৃত্য হইবার যোগ্যতা যদি ত্রৈমাসিক ট্যাক্স ।৵০ দিলেই হয় তবে তাহাকে অযোগ্য বলা যায় না। করদাতাগণ যাহাকে যোগ্য বিবেচনা করেন তিনিই যোগ্য। শুধু কমিশনার হইলে হয় না দেশের কাজ করিবার প্রবৃত্তি থাকা চাই।

সব বন তুলসী ভায়ে সব সে শিলা শালগ্রাম।
সব পানি গঙ্গা ভায়ে যব ঘটমে বিরাজে রাম।

দেখা যাক সাহাজীর দ্বারা কি কাজ হয়।

## কাপড়ের বাজারে আগুন।

বোম্বাই সহরে 'মলজী জেঠার বাজার' নামক একটী কাপড়ের বাজার আছে। এত বড় কাপড়ের বাজার ভারতবর্ষে খুব কমই আছে। এই বাজার কলিকাতার বড় বাজার অপেক্ষাও বড়। সে দিন রাত্রি আটটার সময় এই বাজারে আগুন লাগিয়া কোটী কোটী টাকার কাপড় পুড়িয়া গিয়াছে। একে ত কাপড়ের দর আগুন হইয়াই আছে তাহার উপরে এই আগুনে আরও আগুন লাগাইবে। বোধ হয় ভারতবাসীকে ভগবান ভাগ্যবন্ত না করিয়া ছাড়িবেন না। শুনিয়াছি—'কৌপীনবন্তঃ খলু ভাগ্যবন্তঃ'।

## ব্যবস্থাপক সভার সদস্য।

এবারে সাধারণের ভোটে সদস্য নির্ব্বাচিত হইবে বলিয়া প্রার্থী হইয়াছেন অনেকেই! এক এক জেলা হইতে উচ্চ শিক্ষিত, অর্দ্ধ শিক্ষিত, কোয়ার্টার শিক্ষিত, বক্তা, অর্দ্ধ বক্তা কমবক্তা ইত্যাদি হরেক রকমের প্রার্থী মস্তক উত্তোলন করিয়াছেন। জেলার মধ্যে মেম্বর হইবে কিন্তু মাত্র একটী। প্রার্থীগণের মধ্যে যোগ্যতম ব্যক্তি যাহাতে বাঞ্ছিত পদ প্রাপ্ত হন তজ্জন্য সকলেরই চেষ্টা করা উচিত। নদীয়া জেলার অধিবাসীগণ স্থানে স্থানে সভা করিয়া যোগ্যতম ব্যক্তিকেই এক বাক্যে ভোট দিবেন তাহা স্থির করিয়াছেন। বীরভূমেও সেই উদ্যোগ হইতেছে। আর আমাদের মুর্শিদাবাদে সে প্রকার কোন চেষ্টাই হইতেছে না। বোধ হয় ভোটারগণ "যে যার নয়নে লাগে ভাল" এই নীতি অনুসারেই ভোট দিবেন। এ জেলার প্রার্থীগণের মধ্যে কে যোগ্যতম তাহা বলিলে এখনই কৈফিয়তে পড়িতে হইবে। আমরা তাহাতে রাজি নহি কেহ চাপিয়া না ধরিলে বৃদ্ধতমটীকেই যোগ্যতম বলিতাম। "কাজকি মোদের কথাতে আমরা দাঁড়িয়ে দেখি তফাতে।"

## মাশুল বৃদ্ধি।

রেলওয়ে কোম্পানি গুলিত এক ঝোঁকে বেশ ভাড়া বাড়াইয়া ছিলেন, তাহাতেও বোধ হয় পোষাইতেছে না তাই আবার মাশুল বৃদ্ধির জন্য বোর্ডের মঞ্জুরী চাহিয়াছেন। শীঘ্রই খাদ্য ও পরিধেয়ের মত আক্রাদরে রেল টিকিট কিনিতে হইবে। সেবার এক মেটে হইয়া ছিল এইবার দো-মেটে হইবে তার পরেই চিত্রি।

ডাক বিভাগেও টেলিগ্রাফের মাশুল একচোট বাড়াইয়াছেন; আবার গুজব শোনা যাইতেছে যে পোষ্টকার্ড এক পয়সার স্থলে দুই পয়সা হইবে ও চিঠির মাশুল দুই পয়সা স্থলে এক আনা হইবে। গবর্ণমেন্টের কর্ম্মচারিগণের বেতন বৃদ্ধি হইয়াছে তাহারা না হয় এক রকম চালাইবে কিন্তু চাকরীহীন ব্যক্তিরই সব দিকে মরণ। কোন কোন বারের উকীলগণ ফী বৃদ্ধি জন্য হাইকোর্টে লিখিয়াছেন। বেকার কি বৃদ্ধির জন্য কোন্ কোর্টে লিখিবে।

## ছাপাখানার ভূত।

আমরা ভাবি যে আমরাই এই ভূতের জ্বালায় মরি, কিন্তু সরকার বাহাদুরও এইবার প্রিন্টারস্ ডেভিলের পাল্লায় পড়িয়াছেন। সরকারী ছাপাখানায় কম্পোজিটার ও অন্যান্য কর্ম্মচারিগণ ধর্ম্মঘট করায় সরকারী কাগজও প্রকাশিত হওয়া দুস্কর হইয়া উঠিয়াছে। ভূতেরা বোধ হয় এবার সিন্নি বাড়াইয়া লইবে।

## বঙ্গলক্ষ্মী কটন মিলের অংশ।

গত সপ্তাহে বঙ্গলক্ষ্মী কটন মিলের ১০০৲

